**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**25 MARCH 2025** **7:35 AM IST**

==========================================================================

বর্তমান সরকারের কার্যকালে এপর্য্যন্ত ২৪ জন প্রথম শ্রেণীর শীর্ষ আধিকারিক , ৮০ জন দ্বিতীয় শ্রেণীর আধিকারিক সহ মোট ৩৪৯ জন সরকারী আধিকারিক ও কর্মীকে দূর্নীতির মামলায় গ্রেপ্তার করা হয়েছে । গতকাল আসাম বিধানসভায় বিজেপির মানব ডেকার সি পি আই এম দলের বিধায়ক মনোরঞ্জন তালুকদারের গত ৫ই মার্চ রাজ্যে চলা দুর্নীতি , সিন্ডিকেট এবং রেট হোল মাইনিং সম্পর্কে উত্থাপিত প্রশ্ন ও পরবর্তীতে সামাজিক মাধ্যমে ভাইরাল একটি অডিও বার্তার উত্তরে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা একথা জানিয়েছেন ।

মূখ্যমন্ত্রী বলেন যে পূর্বের কংগ্রেস সরকারের আমলে কয়লা দূনীতি মামলায় একজন লোককেও গ্রেপ্তার করা হয় নি । বিজেপি সরকার তিন লক্ষ মেট্রিক টনেরও অধিক কয়লা জব্দ করা সহ ২২৮ জন লোককে গ্রেপ্তার করেছে । রাজ্য সরকারের মাদক দ্রব্য বিরোধী অভিযানের কথা উল্লেখ করে মূখ্যমন্ত্রী ড.শর্মা বলেন যে ২০১১ থেকে ২০১৫ সাল পর্যন্ত রাজ্যে ৪০০ কোটি টাকা মূল্যের মাদক দ্রব্য জব্দ করা হয়েছিলো । এদিকে ২০২১ থেকে এপর্যন্ত ২ হাজার ৬০০ কোটি টাকা মূল্যের মাদক দ্রব্য
জব্দ করা হয়েছে এবং এর সঙ্গে জড়িত ১৯ হাজার লোককে আটক করা হয়েছে বলেও মূখ্যমন্ত্রী জানান ।

---

কাছাড় জেলায় আসন্ন গ্রাম পঞ্চায়েত নির্বাচন সুষ্ঠ ও নিরপেক্ষভাবে পরিচালনার লক্ষ্যে গতকাল শিলচরে জেলা আয়ুক্তের কার্যলয়ের সম্মেলন কক্ষে একটি প্রস্তুতি সভা অনুষ্টিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত সভায় নির্বাচনী প্রক্রিয়াকে আরোস্বচ্ছ করার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল এ অঞ্চলের যোগান ব্যবস্থা ও অর্থনৈতিক বৃদ্ধিকে উন্নত করার লক্ষ্যে পণ্যবাহী  রেক আনলোডিং অপারেশনকে ক্রমাগত উন্নত করে চলছে । সীমান্ত রেল চলতি বছরের ফেব্রুয়ারী মাসে পণ্যবাহী ট্রেনের মোট এক হাজার একশ ৩৭টি রেক আনলোড করেছে । এরমধ্যে ২৬৮টি অত্যবশ্যকীয় সামগ্রীর রেক ছিল । উল্লেখ্য উত্তর-পূর্ব সীমান্ত রেল অত্যাবশ্যকীয় ও অন্যান্য পণ্য সামগ্রীর চলাচল বৃদ্ধির পাশাপাশি পণ্য আনলোডিং-এর ক্ষেত্রেও উন্নতি করেছে ।

---

কেন্দ্রীয় ক্রীড়া ও যুব কল্যান মন্ত্রকের অধীন নেহরু যুব কেন্দ্রের উদ্যোগে বরাক উপত্যকার যুবক-যুবতীদের জন্য দু দিনের বিকশিত ভারত যুব সংসদ কার্যসূচী গতকাল শিলচরে শেষ হয়েছে ।  কাছাড় জেলার বড়যাত্রাপুরের পশ্চিম শিলচর কলেজে আয়োজিত এই কার্যসূচীতে কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা থেকে মোট ২১৫ জন যুবক-যুবতী অংশগ্রহণ করেন । জেলা পর্যায়ের আয়োজিত এধরণের যুব সংসদ থেকে ১০ জন অংশগ্রহণকারী রাজ্য পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবেন । গতকালের সমাপ্তি অনুষ্ঠানে পশ্চিম শিলচর কলেজের অধ্যক্ষ তাজ উদ্দিন খান  , নেহরু যুব কেন্দ্রের উপ-সঞ্চালক মেহবুব আলম লস্কর , আসাম বিশ্ববিদ্যালয়ের এন এস এস কোষের প্রোগ্রাম সমন্বয়ক এম গঙ্গাভূষণ প্রমুখ উপস্থিত ছিলেন ।

কাছাড় জেলার সোনাই রাজস্ব চক্র এলাকার  বিভিন্ন গ্রামে আজ থেকে আগামী ২৯শে মার্চ পর্য্যন্ত জমির খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে । সোনাই-র রাজস্ব চক্র আধিকারীক জানিয়েছেন যে আজ ও আগামীকাল  চান্নিঘাট , দুলালগ্রাম , রাখাল টিলা ,পুনিরমূখ এবং দেবীপুর গ্রামের খাজনা আদায় শিবির ১৪৭ নম্বর গোলক রায় প্রাথমিক বিদ্যালয়ে এবং আগামী ২৮ ও ২৯শে মার্চ নরসিংপুর প্রথম খন্ড থেকে ষষ্ঠ খন্ড , বেরাবাক প্রথম ও দ্বিতীয় খন্ড, কাজীডহর ও ধনীপুর গ্রামের খাজনা আদায় শিবির নরসিংপুর খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যলয়ে অনুষ্ঠিত হবে ।

---

হাইলাকান্দির তহশিলদার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলার বোয়ালিপার গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে আজ খাজনা আদায় শিবির অনুষ্টিত হবে । এছাড়া আগামীকাল ও আগামী ২৭শে মার্চ কাঞ্চনপুর গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে অনুরূপ খাজনা আদায় শিবির অনুষ্ঠিত হবে ।

---

টি এ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার বরাক উপত্যকা শাখার  পঞ্চাশ তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৮শে মার্চ-  শিলচরের কাছাড় ক্লাবে অনুষ্ঠিত হবে । ঐদিন বিকেল সাড়ে পাঁচটায় এই সভা শুরু হবে ।

---

শ্রীভূমি জেলা খাদ্য ও গনবন্টন বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে এপ্রিল মাসের প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার চাল বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে এই চাল অন্তোদয় অন্ন যোজনার হিতাধিকারীদের রেশন কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম এবং প্রায়রিটি হাউস হোল্ড রেশন কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে বিনামূল্যে বন্টন করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

## এদিকে হাইলাকান্দি জেলার আয়ুক্ত অনুরুপ এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে জেলায় জানুয়ারী মাসের গণ বন্টনের আটা বরাদ্দ কর আহয়েছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে প্রায়োরিটি হাউসহোল্ড কারড প্রতি এক কিলো চারশ ৬৯ গ্রাম করে আটা বন্টন করা হবে।

---